



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখঃ ০৮ ডিসেম্বর ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

## পাবিপ্রবিতে শেষ হলো দুইদিনব্যাপী আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা



(০৮/১২/২০১৮) : পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার সফলভাবে শেষ হলো 'ওয়ার্কশপ অন এপ্লিকেশন অফ ফিন্যানশিয়াল ম্যানেজমেন্ট' শীর্ষক কর্মশালা। ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে এ কর্মশালা শুরু হয় গত শুক্রবার ৭ ডিসেম্বর সকাল ১০.০০টায়।

দুইদিনব্যাপী এ কর্মশালায় অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তরের দপ্তর প্রধান এবং অর্থ ও হিসাব দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী। বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী ভবনের তৃতীয় তলায় ভার্সুয়াল অডিটোরিয়ামে অনুষ্ঠিত এ কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য দেন ইউজিসির অর্থ বিভাগের পরিচালক রেজাউল করিম হাওলাদার। কর্মশালার ২য় দিনে উপস্থিত থেকে মাননীয় ট্রেজারার প্রফেসর ড. আনোয়ার খসরু পারভেজ কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন। তিনি এ সময়ে বলেন, অর্থ বিষয়ক সার্বিক জ্ঞান সকল কঠিন কাজকে সহজ করে দেয়। তিনি আরো বলেন অর্থ আইন সম্পর্কে সকলের জ্ঞান থাকা আবশ্যিক।

রিসোর্স পার্সন রেজাউল করিম হাওলাদার বলেন, অর্থ সংক্রান্ত আইন বিষয়ক জ্ঞান পেশাগত দক্ষতার উন্নয়নে সাহায্য করে এবং অর্থের সঠিক সমন্বয় একটি প্রতিষ্ঠানকে উন্নয়নের দিকে পরিচালিত করে। এ কর্মশালায় ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আইকিউএসির পরিচালক ড. মোহাম্মদ নাজমুল ইসলাম কর্মশালায় অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ জানান।

বার্তা প্রেরক

০৮/১২/২০১৮

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

সহকারী পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।